দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা
www.acc.org.bd

নং ০৪.০১.০০০০.১০৪.৭২.০০১.২০২০.২০২৩৮

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯
০১ জুন, ২০২২

প্রজ্ঞাপন

দুর্নীতি দমন কমিশনের রাজস্ব খাতভুক্ত শূন্য পদের বিপরীতে নিম্নোক্ত ব্যক্তিগণকে বর্ণিত শর্তসাপেক্ষে জাতীয় বেতন স্কেল ২০১৫-এর টাকা ১৬০০০-৩৮৬৪০ বেতনক্রমে (গ্রেড নং ১০) দুর্নীতি দমন কমিশনের **উপসহকারী পরিচালক** পদে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক নম্বর | রোল নম্বর | নাম | নিজ জেলা |
|---|---|---|---|
| ১. | ২২০৭৭১২২ | মিনু আক্তার সুমি | নারায়ণগঞ্জ |
| ২. | ২২০৩৪৪৫০ | সিদ্ধার্থ সরকার | সাতক্ষীরা |
| ৩. | ২২০০১২৩৯ | মোঃ রোকনুজ্জামান | কুড়িগ্রাম |

**শর্তাবলী:**

(ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;

(খ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকরি বিধিমালা, ২০০৮-এর ৭(১)(ক) বিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণ নিয়োগের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিস হিসেবে থাকবেন;

(গ) শিক্ষানবিসকালীন দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকরি বিধিমালা, ২০০৮-এর ধারা ৭(২)(ক) অনুযায়ী কমিশন যে কোন শিক্ষানবিসের চাকরির অবসান ঘটাতে পারবে;

(ঘ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকরি বিধিমালা, ২০০৮-এর ৭(৩) বিধি অনুযায়ী শিক্ষানবিসকালে সন্তোষজনকভাবে দায়িত্ব পালনে সরকার ও কমিশন কর্তৃক সময় সময় জারিকৃত অন্যান্য শর্তাবলি পূরণ ও কর্তৃপক্ষের সন্তুষ্টি সাপেক্ষে কমিশনের বিধি মোতাবেক চাকরি স্থায়ী করা হবে;

(ঙ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে কমিশন/সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং কমিশন/সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা তাদের চাকরি সম্পর্কিত বিষয়াদি নিয়ন্ত্রিত হবে;

(চ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকরি বিধিমালা, ২০০৮-এর ৩৮(৬) বিধি অনুযায়ী যোগদানের ০৭(সাত) দিনের মধ্যে নির্দিষ্ট ফরমে নিজ এবং পরিবারের সদস্যগণের সম্পদ বিবরণী কমিশনের সচিব বরাবর দাখিল করতে হবে (সম্পদ বিবরণীর ফরম নিয়োগপত্রের সাথে সংযুক্ত করা হলো);

(ছ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকরি বিধিমালা, ২০০৮-এর ১৬ বিধি অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে;

(জ) যোগদানের পূর্বে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড দ্বারা স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ সন্তোষজনক না হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে (স্বাস্থ্য পরীক্ষার বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরে যোগাযোগ করার পরামর্শ দেওয়া গেল);

(ঝ) দাখিলকৃত সকল শিক্ষাগত যোগ্যতার সনদসহ অন্যান্য সনদের সত্যতা সঠিক/সন্তোষজনক পাওয়া না গেলে কিংবা ভুয়া বলে প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ঞ) চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২। উপর্যুক্ত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর যোগদান করবেন। প্রার্থীগণকে আগামী ১২-০৬-২০২২ তারিখ সকাল ৯.০০ টায় বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন, ৬৩, নিউ ইস্কাটন, ঢাকায় উপস্থিত হয়ে যোগদানের নিমিত্ত যোগদানপত্র (যোগদানপত্রের নমুনা সংযুক্ত) দাখিল করতে হবে।

৩।	উপসহকারী পরিচালক পদে যোগদানকারী নবনিযুক্ত কর্মচারীদের বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন, ৬৩ নিউ ইস্কাটন, ঢাকায় ১২-০৬-২০২২ হতে ১৬-০৬-২০২২ তারিখ পর্যন্ত ০৫(পাঁচ) দিন ব্যাপী (অনাবাসিক) Orientation Course অনুষ্ঠিত হবে।

৪।	জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/
মোঃ মাহবুব হোসেন
সচিব
ফোন: ০২-৫৮৩১৬২০৭
E-mail: secretary@acc.org.bd

নং ০৪.০১.০০০০.১০৪.৭২.০০১.২০২০. ২০২৩৮(১০০)

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯
০১ জুন, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১.	মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২.	সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩.	সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪.	মহাপরিচালক, দুর্নীতি দমন কমিশন (সকল)।
৫.	মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের স্বাস্থ্য পরীক্ষার জন্য মেডিকেল বোর্ড গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬.	পরিচালক, দুর্নীতি দমন কমিশন (সকল)।
৭.	উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় মুদ্রণের অনুরোধসহ)।
৮.	চেয়ারম্যানের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯.	কমিশনার (অনুসন্ধান/তদন্ত)-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০.	সচিবের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১.	উপপরিচালক (প্রশাসন/মানবসম্পদ/অর্থ, হিসাব ও নিরীক্ষা), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১২.	চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মন্ত্রিপরিষদ বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৩.	প্রোগ্রামার, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (নিয়োগপত্রটি কমিশনের ওয়েবসাইটের প্রকাশের অনুরোধসহ)।
১৪.	জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১৫.	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১৬.	জনাব ................................................................................................................................ ...................................................................................................................................।
১৭.	অফিস নথি/গার্ড নথি/ব্যক্তিগত নথি।

01/06/2022
মোহাম্মদ মনিরুজ্জামান বকাউল
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)
ফোন: ০২-২২২২২১১৬৫
E-mail: d.admin@acc.org.bd

বরাবর
সচিব
দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়, ঢাকা

বিষয়: উপসহকারী পরিচালক পদে যোগদান।

মহোদয়,

সবিনয় নিবেদন এই যে, আমাকে দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার স্মারক নম্বর--------------------------------তারিখ----------------------মোতাবেক দুর্নীতি দমন কমিশনে “উপসহকারী পরিচালক” পদে নিয়োগ করা হয়। তদপ্রেক্ষিতে আমি অদ্য-----------তারিখ পূর্বাহ্নে দুর্নীতি দমন কমিশনে “উপসহকারী পরিচালক” পদে যোগদান করলাম।

অতএব, আমার যোগদানপত্র গ্রহণ করতে মহোদয়ের সদয় মর্জি হয়।

তারিখ:

আপনার একান্ত অনুগত

---------------
উপসহকারী পরিচালক
দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়, ঢাকা